| | পরিবার কল্যাণ সহকারী’র নাম( বাংলায়)? | ফেসবুক ব্যবহার করতে সক্ষম কী না? | AI ব্যবহারে সক্ষম কী না? | কোন ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে কী না? | ইনোভেটিভ আইডিয়া থাকলে লিখুন | চাকরি জীবনে কোন সফলতার গল্প থাকলে সংক্ষেপে লিখুন | কোন পরামর্শ থাকলে লিখুন। |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | জুমানা আক্তার | হ্যা | হ্যা | হ্যা | দম্পতি পরিদর্শনে গিয়ে একটা জিনিস খুব লক্ষ্য করেছি বেশির ভাগ মায়েরা বাচ্চার টিকা,এবং গর্ভকালীন ANC চেকাপের নির্দিষ্ট সময় মনে রাখতে পারে না। জন্ম নিয়ন্ত্রণ ইনজেকশনের তারিখ টাও মনে রাখতে পারে না। আমি মনে করি যদি স্বাস্থ্য বিষয়ক ক্যালেন্ডার আমরা দম্পতিদের মাঝে বিতরণ করতে পারি যেটাতে জরুরি প্রয়োজনে আমাদের মোবাইল নাম্বার অন্তর্ভুক্ত থাকবে।এবং পরিদর্শনে গিয়ে আমরা তাদের হাতে ক্যালেন্ডার দিয়ে বিভিন্ন ডেট গুলো মার্ক করে দিয়ে আসতে পারবো।<br>এতে তাদের সেবা নেয়াটা অনেক সহজ হবে। | আমার চাকরি জীবনের প্রায় ৩ বছর হতে যাচ্ছে।<br>প্রথম যখন মাঠ পর্যায় সেবা দেই কিছুটা লজ্জাবোধ কাজ করতো যেহেতু আমি অবিবাহিত।<br>কিছু দিন পর আমি আমার কাজে আনন্দ পেলাম।যখন দম্পতি পরিদর্শনে যাই ছোট, বড় সকল বয়সের মানুষ আমার কথা এতো মনোযোগ সহকারে শুনে মনে অন্য রকম শান্তি কাজ করে।যে কথা নিজের স্বামীর কাছে বলতে পারে না সে কথা আমায় খুব সহজে বলতে পারে।এমনকি আমি যখন কোন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি নিয়ে একটু বলি তারা সেই সেবা নিতে আগ্রহী হয়।<br>এতো অল্প সময়ে আমি তাদের অন্তরে এতোটা জায়গা করে নিতে পেরেছি যে আমি যখন বেসিক ট্রেনিং এ ছিলাম দম্পতিরা আমাকে কল দিয়ে জিজ্ঞেস করেছে আপা আপনি কি অসুস্থ এই মাসে আসলেন না যে।ট্রেনিং শেষে যখন মাঠ পর্যায় সেবা দিতে গিয়েছি দম্পতিদের ভীর জমে গেছে আমাকে দেখার জন্য। এটাই আমার চাকরি জীবনের সবচেয়ে বড় পাওয়া।আমি মনে করি এটাই আমার সফলতা | আমি আমার স্বল্প অভিজ্ঞতা থেকে যদি বলি তাহলে সম্মানিত ডিডি স্যারকে একটা কথা ই বলতে চাই মাসে অন্তত দুইটা দিন নির্দিষ্ট একটা জায়গায় বসে সেবা দেয়ার সুযোগ করে দেয়া হোক।মাঠ পর্যায় গিয়ে অনেক দম্পতিকে আমরা বাসায় পাই না। কেউ বাচ্চা নিয়ে মাদ্রাসায় বা স্কুলে যায়।নির্দিষ্ট একটা জায়গায় বসলে তারা আমাদের থেকে এসে সেবাটা নিতে পারবে।এতে করে কেউ সেবা বঞ্চিত থাকবে না।<br>আপনাকে অসংখ্য ধন্যবাদ স্যার এতো সুন্দর একটি ফর্ম পূরণ করার সুযোগ দেয়ার জন্য।<br>আমার ভুল ত্রুটি ক্ষমার দৃষ্টিতে দেখবেন। |

| | পরিবার কল্যাণ সহকারী'র নাম( বাংলায়)? | ফেসবুক ব্যবহার করতে সক্ষম কী না? | AI ব্যবহারে সক্ষম কী না? | কোন ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে কী না? | ইনোভেটিভ আইডিয়া থাকলে লিখুন | চাকরি জীবনে কোন সফলতার গল্প থাকলে সংক্ষেপে লিখুন | কোন পরামর্শ থাকলে লিখুন। |
|---|---|---|---|---|---|---|---|
| 2 | তাহামিনা আক্তার | হ্যা | হ্যা | হ্যা | | পরিবার কল্যাণ সহকারী হিসেবে আমরা যে দায়িত্ব পালন করি এবং তার মাধ্যমে আমরা যে সেবা প্রদান করি তার জন্য সাধারণ মানুষেরা আমাদের প্রতি যে বিশ্বাস ভক্তি শ্রদ্ধা এবং মূল্যায়ন করে এটাই আমাদের চাকরি জীবনে সবচেয়ে বড় সফলতা। | আমরা যারা কমিউনিটি ক্লিনিকে সেবা প্রদান করি। যারা C.S.B.Aট্রেনিং পাইনি। তাদেরকে এই ট্রেনিং দেয়া হলে আমাদের কাজের মান আরো উন্নত হবে। |
| 3 | জান্নাতুল ফেরদৌস | হ্যা | মোটামোটি | হ্যা | ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে সেবা দেওয়া, | এক লোক কে ৩ মাস বুঝিয়ে তাকে NSV করিয়েছিলাম। লোকেদের মোটিভেশন করা একটা ছোট খাটো যুদ্ধ। সেটা পেরেছিলাম সেটাই আমার সফলতা। সামনে আরো অন্য কিছু করব ইনশাআল্লাহ | ডায়াবেটিকস মাপার যন্ত্র দিলে ভাল হয়। |
| 4 | জান্নাতুল ফেরদৌস | হ্যা | না | না | নেই | নেই | নেই |
| 5 | ছামসুন্নাহার সাথী | হ্যা | হ্যা | হ্যা | hpn etoolkit ব্যবহারের মাধ্যমে ভিডিও দেখিয়ে দম্পতিদের কাউন্সিলিং করি। | চাকরি জিবনে আমার সফলতা হলো আমি মানুষের বিশ্বাস ও ভালোবাসা অর্জন করতে পেরেছি।এভাবে মানুষের মন জয় করাকে আমি আমার জীবনের সফলতা মনে করি। একই পরিবারে মা এবং মেয়ে দুজনকে একই দিনে দীর্ঘমেয়াদী প্রদ্ধতি সেবা আই ইউ ডি সেবা প্রদান করি এবং একই বাড়ির ৬ জন দম্পতিকে hpn etoolkit ব্যবহারের মাধ্যমে কাউন্সিলিং প্রদান করে একই দিনে দীর্ঘমেয়াদী পদ্ধতি সেবা ইমপ্ল্যান্ট সেবা প্রদান করা হয়। | আমার চাকরি জীবনে মাত্র দুই বছর ১০ মাস চলছে। আরো বেশি দক্ষতা অর্জন করার জন্য প্রশিক্ষণের প্রয়োজন। তবে এখন মনে হচ্ছে মাননীয় ডিডি স্যার আমাদের AI প্রশিক্ষণের মাধ্যমে আমরা AI কে বিভিন্ন সমস্যার সমাধানের সহায়ক হিসেবে ব্যবহার করতে পারবো। |

| | পরিবার কল্যাণ সহকারী’র নাম( বাংলায়)? | ফেসবুক ব্যবহার করতে সক্ষম কী না? | AI ব্যবহারে সক্ষম কী না? | কোন ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে কী না? | ইনোভেটিভ আইডিয়া থাকলে লিখুন | চাকরি জীবনে কোন সফলতার গল্প থাকলে সংক্ষেপে লিখুন | কোন পরামর্শ থাকলে লিখুন। |
|---|---|---|---|---|---|---|---|
| 6 | ফাতেমা খাতুন | না | না | না | | আমার চাকুরী জীবনের সবচেয়ে বড় পাওয়া হলো দম্পতিদের মাঝে সেবা দেয়া এক সাথে মা মেয়েকে দীর্ঘ মেয়াদি জন্ম নিয়ন্ত্রণ সেবা দিতে পেরেছি। | |
| 7 | ডলি আক্তার | হ্যা | হ্যা | না | | ২০২২ সালে শ্রেষ্ঠ পরিবার কল্যাণ সহকারি নির্বাচিত হয়েছি। এতে করে আমার কাজের প্রতি আগ্রহ আরো বেড়েছে। আমার এবং দম্পতিদের মাঝে খুব সুসম্পর্ক বিদ্যমান। সামনে যেন আরো ভালোভাবে নিজের কাজ, দায়িত্ব গুলো ভালো করে পালন করতে পারি। | |
| 8 | রাহিমা আক্তার | হ্যা | হ্যা | না | | মানুষকে ইমপ্লান্ট করিয়েছি | |
| 9 | শারমিন আক্তার | হ্যা | হ্যা | না | | চাকরি জীবনের শুরুতে আমি ইঞ্জেকশন গ্রহীতাকে ইনজেকশন পুশ করতে ভয় পেয়েছিলাম কারণ এর আগে আমি কোন সময় ইনজেকশন পুশ করিনি। আরেকটি সফল গল্প হচ্ছে আমি জীবনে প্রথম মা ও শিশু কল্যাণ কেন্দ্রে গিয়ে একজন মহিলা বন্ধ্যা করন করিয়ে নিয়ে আসি এটাই ছিল আমার জীবনের | আমার পরামর্শ হচ্ছে আমরা প্রচন্ড রোদে এবং বৃষ্টিতে ভিজে ডিজে কাজ করি কিন্তু আমাদের কোন মূল্যায়ন নেই। |
| 10 | পারভীন আক্তার | না | না | না | | আমি আমার পেশায় সন্তুষ্ট।আমি এই পেশায় চাকুরী করে আমার ছেলে-মেয়েদের মানুষের মত মানুষ করতে পেরেছি।দম্পতিদের ভালোবাসা পেয়েছি এটাই আমার সফলতা আলহামদুলিল্লাহ। | |
| 11 | মাহবুবা আক্তার স্বর্ণা | হ্যা | হ্যা | হ্যা | | মানুষের পাশে দাঁড়িয়ে খুব কাছ থেকে তাদের বিপদে আপদে থাকতে পারি এটাই জীবনের বড় সফলতা। | |

| | পরিবার কল্যাণ সহকারী'র নাম( বাংলায়)? | ফেসবুক ব্যবহার করতে সক্ষম কী না? | AI ব্যবহারে সক্ষম কী না? | কোন ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে কী না? | ইনোভেটিভ আইডিয়া থাকলে লিখুন | চাকরি জীবনে কোন সফলতার গল্প থাকলে সংক্ষেপে লিখুন | কোন পরামর্শ থাকলে লিখুন। |
|---|---|---|---|---|---|---|---|
| 12 | সেতেরা বেগম | হ্যা | না | না | | চাকরি জীবনে আমার ছোট ছোট অসংখ্য সফলতার গল্প আছে। তার মধ্যে নিম্নের ঘটনাটি আমার জন্য খুবই আনন্দদায়ক। আমি একজন রোগীকে তার শাশুড়ি সমেত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মহিলা বন্ধ্যাকরণ করতে নিয়ে যাই। কিন্তু স্বাস্থ্য কমপ্লেক্সে যাওয়ার পর অন্যান্য রোগীদের কাছ থেকে অযাচিত মন্তব্য শুনে সেই শাশুড়ি ভয় পেয়ে যায়। এবং তার বউমাকে মহিলা বন্ধ্যাকরণ করাতে অস্বীকৃতি জানায়। কিন্তু তারপর আমি ওই রোগী এবং তার শাশুড়িকে আবারও মহিলা বন্ধ্যাকরণের উপকারিতা সম্পর্কে অবহিত করি। পরিশেষে তারা আমার কথার উপর আশ্বস্ত হয়ে মহিলা বন্ধ্যাকরণ করতে রাজি হয়। সবচেয়ে আনন্দের বিষয় এই, পরবর্তীতে ওই রোগী এবং তার শাশুড়ি আরও অনেককে মহিলা বন্ধ্যাকরণ করতে উৎসাহিত করে। এবং অনেকেই তাদের কথা শুনে এই পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ হয়। | |
| 13 | মিথিলা আক্তার | হ্যা | হ্যা | হ্যা | | আমি নিয়মিত ফিল্ড করে মানুষের বিশ্বাস ও আস্থা অর্জন করতে সক্ষম হয়েছি। আমার পরামর্শকে মানুষ আন্তরিকতার সাথে গ্রহন করে। | ফিল্ডে কাজের অগ্রগতি বাড়ানোর জন্য ডায়াবেটিক মেশিনের গুরুত্ব অপরিসীম। |
| 14 | আফরুজা বেগম | হ্যা | হ্যা | না | আমাদের স্যারদের উচিৎ হবে কমপক্ষে ৩ মাসে ১ বার হলেও আমাদের Fwa দের মনের কথা শুনা | এ ডিপার্টমেন্ট এর মাধ্যমে মানুষের সেবা করাটাই আমাদের বড় সফলতা। | স্যার নতুন Fwa দের নতুন নতুন ট্রেনিংয়ের মাধ্যমে আরও কাজের মান উন্নয়ন করা। |

| | পরিবার কল্যাণ সহকারী'র নাম( বাংলায়)? | ফেসবুক ব্যবহার করতে সক্ষম কী না? | AI ব্যবহারে সক্ষম কী না? | কোন ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে কী না? | ইনোভেটিভ আইডিয়া থাকলে লিখুন | চাকরি জীবনে কোন সফলতার গল্প থাকলে সংক্ষেপে লিখুন | কোন পরামর্শ থাকলে লিখুন। |
|---|---|---|---|---|---|---|---|
| 15 | মাহবুবা আক্তার স্বর্ণা | হ্যা | হ্যা | হ্যা | | খুব কাছ থেকে মানুষের সেবা করার চেয়ে বড় সফলতার জীবনে কিছুই নেই। মানব ধর্মের সবচেয়ে বড় সফলতা হলো মানব সেবা করা। | |
| 16 | হাছিনা বেগম | হ্যা | হ্যা | হ্যা | দম্পতিদের দীর্ঘ মেয়াদী পদ্ধতি দেওয়ার আগে শারীরিক পরীক্ষার জন্য ডায়াবেটিস ও প্রেগনেন্সি কিট প্রয়োজন, এগুলো ব্যবহারের মাধ্যমে শিওর হয়ে দম্পতিকে সেবা কেন্দ্র নিয়ে আসা সহজ হয়, এছাড়া আমাদের কাছে যদি ফ্লিপচার্ট থাকে তাহলে দম্পতিদের কে পুষ্টি,শিশুর যত্ন নবজাতকের যত্ন গর্ভবতীর যত্ন, প্রসুতির যত্ন সম্পর্কে সহজেই আমি বোঝানো যায়, | আমার ১৭ বছরের চাকুরীর জীবনে দম্পতিদের, কাছ থেকে অনেক ভালোবাসা, সম্মান পেয়েছি, সবচেয়ে বেশি শিশু বাচ্চাদের ভালোবাসা আমার ভালো লেগেছে, যখন আমি মাঠ পরিদর্শনে যাই তখন দম্পতিদের সাথে কথা বলতে বলতে সময় যে কখন শেষ হয়ে যায় বুঝাই যায় না তারা আমাকে ডাক্তার আপা বলে ডাকে,অনেকেই আমাদের কথা খুব মনোযোগ দিয়ে শুনে তারা আমার কাছে তাদের পরিবারের অনেক সুখ দুঃখের কথা শেয়ার করে। | মাঠ পর্যায়ের কাজ আমাদের জন্য যেমন আনন্দের আবার অনেক সময় কষ্টেরও কারণ হয়ে দাঁড়ায় আবহাওয়া যদি প্রতিকূলে থাকে তখন আমাদের মাঠ পর্যায়ের কাজে বাধা বিঘ্ন সৃষ্টি হয় সবচেয়ে ভাল হয় যদি আমাদের সপ্তাহে অন্তত তিন দিন কোন একটি নির্দিষ্ট জায়গায় সেবা দেওয়ার জন্য বসতে পারি তাহলে দম্পতিরা সেবা পেত অনেক সময় মাঠ পরিদর্শনে গেলে অনেক দম্পত্তিদেরকে আমরা সেবা দিতে পারি না কারণ ওই সময় তারা বাচ্চাদেরকে স্কুলও মাদ্রাসায় নিয়ে যায় সবচেয়ে বেশি সুবিধা হতো ইনজেক্টেবল গ্রহিতাদের। ডিড স্যার কে অসংখ্য ধন্যবাদ।ভুল ত্রুটি হয়ে থাকলে হয়ে থাকলে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। |
| 17 | মুক্তা আক্তার | হ্যা | হ্যা | হ্যা | | মানুষের খুব কাছাকাছি পৌঁছাতে পেরেছি | |
| 18 | আয়শা আক্তার | হ্যা | হ্যা | না | | মানুষের কাছে সম্মান পাওয়া | |
| 19 | ইয়াসমিন আক্তার | হ্যা | হ্যা | না | ইপিআই এর সাথে স্যাটেলাইট করলে আরো ভালো হয়। | উপজেলা পর্যায়ে শ্রেষ্ট্র পরিবার কল্যাণ সহকারী বিবেচিত হই। | |
| 20 | তানজিলা জামান তনয় | হ্যা | হ্যা | না | | আমি এই চাকরি করে অনেক কিছু জানতে ও শিখতে পেরেছি। যা আমার ব্যক্তিগত এবং চাকরির ক্ষেত্রে কাজে লাগাতে পেরেছি। | |

| | পরিবার কল্যাণ সহকারী'র নাম( বাংলায়)? | ফেসবুক ব্যবহার করতে সক্ষম কী না? | AI ব্যবহারে সক্ষম কী না? | কোন ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে কী না? | ইনোভেটিভ আইডিয়া থাকলে লিখুন | চাকরি জীবনে কোন সফলতার গল্প থাকলে সংক্ষেপে লিখুন | কোন পরামর্শ থাকলে লিখুন। |
|---|---|---|---|---|---|---|---|
| 21 | মোসাম্মৎ হালিমা | হ্যা | হ্যা | হ্যা | | নিয়মিত ফিল্ডে কাজের ফলে মানুষের বিশ্বাস ও আস্থা অর্জন। পারিবারিক কাজে ক্ষেত্রে ও পরামর্শ নেয়।এ | সিটি পযায়ে ফিল্ডে কাজের ক্ষেত্রে আয়রন , ক্যালসিয়াম বড়ি দিলে ভালো হয়। |
| 22 | মাসুদা | না | না | না | না | না | না |
| 23 | মাহামুদা বেগম | হ্যা | না | না | | আমি পরিবার পরিকল্পনা সহকারী ৩৬ বছর যাবতচাকরি করছি। সিসিতে গভবতী মাকে প্রেসারমাপি,আয়রন, ভিটামিন ঔষধদেয়।শরীর সুস্থ্য থাকার জন্য নানা দরনের পরামর্শ দেয়। এলাকার সাধারনলোক মা ওশিশু সেবা দেয়। ইপি আই সেন্টার কীশরিকে গভবতী মাকে টিটি টিকা দেয়ে থাকি, দম্পতি পদ্ধতি বেহারের জন্য পরামর্শ দিয়ে থাকি। আমাকে দেখে সবাই সালাম দেয় ডাক্তার আপা বলে ডাকে সুখ দুঃখ কথা বলে থাকে এটায় আমাদের চাকরি জীবনে সাফলতা। | |
| 24 | রওশন আরা | হ্যা | না | না | | একটি প্রত্যন্ত গ্রামে এক কিশোরী বিয়ের পরপরই সন্তান নিতে যাচ্ছিল। পরিবারে ও সমাজে চাপ ছিল দ্রুত মা হওয়ার জন্য। আমি সেখানে নিয়মিত উঠান বৈঠকে অংশগ্রহণ করি এবং পরিবার পরিকল্পনার সুবিধা বোঝাই মেয়ে ও তার স্বামীকে বোঝাতে সক্ষম হই যে পড়াশোনা চালিয়ে যাওয়া ও কর্মজীবন গড়ে তোলার পর সন্তান নিলে জীবন অনেক সুন্দর হবে। এখন মেয়েটি কলেজে ভর্তি হয়েছে এবং দুজনেই সচেতনভাবে পরিবার পরিকল্পনার | |

| | পরিবার কল্যাণ সহকারী’র নাম( বাংলায়)? | ফেসবুক ব্যবহার করতে সক্ষম কী না? | AI ব্যবহারে সক্ষম কী না? | কোন ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে কী না? | ইনোভেটিভ আইডিয়া থাকলে লিখুন | চাকরি জীবনে কোন সফলতার গল্প থাকলে সংক্ষেপে লিখুন | কোন পরামর্শ থাকলে লিখুন। |
|---|---|---|---|---|---|---|---|
| 25 | তাহমিনা ফেরদৌসী | হ্যা | হ্যা | না | | আমার 12 বছরের চাকরি জীবনে আমি বন্দর উপজেলায় চারবার শ্রেষ্ঠ পরিবার কল্যাণ সহকারীর পুরস্কার পেয়েছি। এটাই আমার চাকরি জীবনের সবচেয়ে বড় সফলতা। | |
| 26 | আশরাফিয়া সুলতানা | হ্যা | হ্যা | হ্যা | বর্তমানে আমরা আমাদের সম্মানিত ডিডি স্যারের নির্দেশনা মোতাবেক ফিল্ডে কাজ করতে গিয়ে এ আই এর সাহায্য নিচ্ছি। এর ফলে খুব সহজেই আমরা আমাদের ক্লায়েন্টদের বিভিন্ন জটিল ও কঠিন প্রশ্নের উত্তরগুলি খুব সহজেই সমাধান করতে পারি। এছাড়াও আমাদের বিভিন্ন রিপোর্ট সম্পর্কে খুব একটা ধারণা থাকে না এর সাহায্য নিয়ে আমরা ক্লায়েন্টদের বিভিন্ন গুরুত্বপূর্ণ রিপোর্টগুলি সম্পর্কে প্রাথমিকভাবে একটা সঠিক ধারণা দিতে পারি। | ফিল্ডে কাজ করতে গিয়ে একদিন হাতে রেজিস্টার খাতা ও অ্যাপ্রোন পড়ে রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছিলাম, সেই মুহূর্তে জুতা বিক্রি করে এক ভাই আমাকে হঠাৎ থামিয়ে বলল, আমি কি চাকরি করি? তখন তাকে আমার কাজগুলি সম্পর্কে বিস্তারিত বুঝিয়ে বলার পরে সে আমাকে জিজ্ঞেস করে, পুরুষদের জন্য আমাদের পরিবার পরিকল্পনার কোন পদ্ধতি আছে কিনা? তখন আমি তাকে পুরুষের জন্য পরিবার পরিকল্পনার যে দুইটি পদ্ধতি আছে তার সম্পর্কে বিস্তারিত বুঝিয়ে বলি। এবং সে স্থায়ী পদ্ধতি এন এস ভি গ্রহণ করতে রাজি হয়, এবং তার কিছুদিন পরে তাকে আমাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে যে স্থায়ী পদ্ধতি এনএসভি গ্রহণ করাই। | আমরা পরিবার কল্যাণ সহকারীরা সবসময় ফিল্ডের কাজে নিয়োজিত থাকি। সে ক্ষেত্রে আমাদেরকে প্রচুর পরিমাণে কাউন্সিলিং বিভিন্ন প্রকারের তথ্য পরামর্শ সহায়তা প্রদান করতে হয়। এজন্য আমাদেরকে আরো বেশি দক্ষ করে গড়ে তোলার জন্য যদি উপজেলা বা জেলা পর্যায়ে বিভিন্ন প্রকারের প্রশিক্ষণের ব্যবস্থা করা হতো, তাহলে আমাদের কাজের গতি আরো বৃদ্ধি পাবে এছাড়াও আমাদের সকল পরিবার কল্যাণ সহকারী বোনদের জন্য যদি অন্ততপক্ষে সপ্তাহে দুইদিন করে হলেও কোন কেন্দ্রে বসে সেবা দিতে পারতাম তাহলে আমাদের কাজের মান ও পরিধি আরও সমৃদ্ধ এবং সম্প্রসারিত হতো। |
| 27 | সাহিদা বেগম | হ্যা | হ্যা | না | | আপাতত নাই | |
| 28 | সোনিয়া আক্তার | হ্যা | হ্যা | না | | আমার এই চাকরির জন্য আমি আমার পরিবারকে আর্থিকভাবে অনেক সহযোগিতা করে থাকতে পারি। | |

| | পরিবার কল্যাণ সহকারী'র নাম( বাংলায়)? | ফেসবুক ব্যবহার করতে সক্ষম কী না? | AI ব্যবহারে সক্ষম কী না? | কোন ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে কী না? | ইনোভেটিভ আইডিয়া থাকলে লিখুন | চাকরি জীবনে কোন সফলতার গল্প থাকলে সংক্ষেপে লিখুন | কোন পরামর্শ থাকলে লিখুন। |
|---|---|---|---|---|---|---|---|
| 29 | ফওজিয়া সুলতানা | হ্যা | না | হ্যা | | নাম: ফওজিয়া সুলতানা<br>পদবি: পরিবার কল্যাণ সহকারী<br>অফিস: উপজেলা পরিবার পরিকল্পনা , বন্দর , নারায়ণগঞ্জ ।<br>কর্মক্ষেত্র: নবীগঞ্জ (বাগবাড়ি), নবীগঞ্জ (পূর্ব), নোয়াদ্দা, কাইতাখালী, কাইতাখালী (কদমতলী), ২ ক।<br><br>আমি ৩৪ বছর ধরে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে পরিবার কল্যাণ সহকারী হিসেবে দায়িত্ব পালন করছি। শুরুটা ছিল অনেক চ্যালেঞ্জের। গ্রামে তখন পরিবার পরিকল্পনা বিষয়ে সচেতনতা খুবই কম ছিল। বিশেষ করে নবীগঞ্জ ও কাইতাখালী এলাকায় নারীরা স্বাস্থ্যসেবা নিতে লজ্জা ও ভয়ের কারণে এগিয়ে আসতেন না।<br><br>আমি বাড়ি বাড়ি গিয়ে তাদের সাথে কথা বলতাম, বোঝাতাম— "ছোট পরিবার সুখী পরিবার"। শুরুতে অনেকে আপত্তি করলেও ধীরে ধীরে বিশ্বাস স্থাপন করতে পেরেছি। এখন এই এলাকাগুলোতে পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার বেড়েছে এবং মাতৃ ও শিশু মৃত্যুর হার আগের তুলনায় অনেক কমেছে।<br><br>আমার সবচেয়ে বড় সফলতা হলো—<br><br>অসংখ্য মা আজ নিরাপদ প্রসবের | |

| | পরিবার কল্যাণ সহকারী'র নাম( বাংলায়)? | ফেসবুক ব্যবহার করতে সক্ষম কী না? | AI ব্যবহারে সক্ষম কী না? | কোন ইনোভেটিভ আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে কী না? | ইনোভেটিভ আইডিয়া থাকলে লিখুন | চাকরি জীবনে কোন সফলতার গল্প থাকলে সংক্ষেপে লিখুন | কোন পরামর্শ থাকলে লিখুন। |
|---|---|---|---|---|---|---|---|
| 30 | মাহাবুবা আক্তার যুথি | হ্যা | হ্যা | হ্যা | | লোকজনকে মোটিভেট করেছি | |
| 31 | তাসলিমা আক্তার | হ্যা | হ্যা | না | No idea | Nothing mentionable | No opinion |
| 32 | সাবিরা সুলতানা | না | না | না | | দীর্ঘ চাকরি জীবনে ফিল্ড এ কাজ করে মানুষদের সাথে সম্পর্ক নিবিড় হয়েছে। এখন মানুষ দেখলে অনেক মূল্যায়ন করেন। সম্মান দেন এইটা অনেক বড় পাপ্তি | স্যাটেলাইট ক্লিনিক গুলো তে ঔষধ সরবরাহ বাড়াতে পারলে, এবং সাধারণ রোগীদের জন্যও কিছু ঔষধ রাখতে পারলে, স্যাটেলাইট গুলো আরও সাফল্য হতো। |
| 33 | আমেনা বেগম | হ্যা | হ্যা | না | | আমি যখন বাড়ি পরিদর্শন করতে যাই তখন অনেক দম্পতি তাদের সুখ দুঃখের গল্প আমাদেরকে শুনায়।আমাকে অনেক সম্মান করে, আদর আপন করে এটাই আমার চাকরি জীবনের সবচেয়ে বড় সফলতা। | |
| 34 | পারভিন আক্তার | হ্যা | না | না | | আই ইউ ডি করিয়েছি | |
| 35 | আকলিমা আক্তার | হ্যা | হ্যা | হ্যা | স্কুল স্বাস্থ্য শিক্ষা | মানুষ কে সেবা দেওয়াই আমার প্রথম সফলতা | বিপি মেশিন লাগবে |
| 36 | নার্গিস আক্তার | না | না | হ্যা | স্কুল স্বাস্থ্য শিক্ষা | সেবা দেওয়াই সফলতা | |
| 37 | সালমা বেগম | হ্যা | হ্যা | না | | এই ডিপার্টমেন্ট থেকে সিএসবি ট্রেনিং পেয়ে অনেক নরমাল ডেলিভারি করে নিজেকে সার্থক মনে করছি। | |
| 38 | ফাতেমা আক্তার | হ্যা | না | না | | মানুষের কাছ থেকে ভালো বাসা ও পরিচতি পাওয়া | fwa দের অতিরিক্ত ইউনিটের দায়িত্ব পালন করা অনেক কষ্টকর |
| 39 | মাছুমা আক্তার | না | না | না | | অনেক মানুষের সেবা করার সুযোগ পেয়েছি | কাজের তুলনায় পারিশ্রমিক অনেক কম। |